দৈনিক বাংলা

তারিখ ২/১১/৮১
পৃষ্ঠা...

011



রাইসউদ্দিন আহমেদ

# রাইস এমসিসির আজীবন সদস্য হয়েছেন

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশের ক্রিকেট সংগঠনে অসামান্য কৃতিত্ব ও অবদানের জন্য বাংলাদেশের বিশিষ্ট ক্রিকেট সংগঠক জনাব রাইসউদ্দিন আহমেদকে এমসিসি অবৈতনিক আজীবন সদস্যপদ প্রদান করেছে। এমসিসি'র পক্ষ থেকে কোন বাংলাদেশী ক্রিকেটার বা ক্রিকেট সংগঠকের এ সম্মান লাভ এই প্রথম। এক সময়ের কৃতি ক্রিকেটার কিছুদিন আগে পর্যন্ত বাংলাদেশ ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সাধারণ সম্পাদক ছিলেন। তিনি বাংলাদেশ বিমানের একজন উচ্চপদস্থ কর্মচারী। নবেম্বরের প্রথম সপ্তাহে লর্ডসে অনুষ্ঠিত এমসিসি'র (মেরিলেবোন ক্রিকেট ক্লাব) বার্ষিক সভায় এ বছর যাদের এ সদস্যপদ দেয়া হয়েছে তারা হচ্ছেন: গারফিল্ড সোবার্স, ভ্যানবার্ন হোল্ডার, এইচ জে বার্নেট (ওয়েস্ট ইন্ডিজ), ইয়ান রেডপাথ (অস্ট্রেলিয়া), বিষেণ সিং বেদী ও চন্দ্রশেখর (ভারত), মুস্তাক মোহাম্মদ (পাকিস্তান), রাইসউদ্দিন আহমেদ (বাংলাদেশ) ছাড়াও আর্জেন্টিনা, হল্যান্ড ও যুক্তরাজ্যের কয়েকজন ক্রিকেটার ও ক্রিকেট সংগঠক রয়েছেন।